NEW YORK STATE OF OPPORTUNITY | Office for People With Developmental Disabilities

ভোটদান সংক্রান্ত সাধারণ তথ্যাবলী

প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নাবলী

1. ভোটদান গুরুত্বপূর্ণ কেন?

ভোটদান হল আমেরিকার নাগরিকদের তাদের অধিকার প্রয়োগের বিভিন্ন উপায়গুলোর মধ্যে অন্যতম। প্রত্যেকটি ভোট মূল্যবান। আপনার ভোটে গুরুত্বপূর্ণ!

2. কারা ভোটদানের যোগ্য?

ভোটদানের জন্য নিবন্ধীভুক্ত হবার যোগ্যতার অত্যাবশ্যক বিষয়গুলি হল:

- মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- বয়স অন্তত পক্ষে 18* বছর হতে হবে।
- নির্বাচনের তারিখের অন্তত 30 দিন আগে থেকে সংশ্লিষ্ট বসবাসকারী রাজ্যের, প্রদেশের, শহরের বা গ্রামের বাসিন্দা হতে হবে।
- কোন আদালতের দ্বারা মানসিকভাবে অযোগ্য বলে সাব্যস্ত হওয়া চলবে না।
- গুরুতর অপরাধের কারণে জেলে থাকা বা শর্তাধীন মুক্ত (প্যারোল) থাকা চলবে না।
- অন্য কোথাও ভোটাধিকার দাবি করা না।

* জানুয়ারি 2020 থেকে লাগু অনুযায়ী, 16 ও 17 বছর বয়সী নাগরিকেরা ভোটদানের জন্য **প্রাক-নিবন্ধন** করাতে পারেন। নির্বাচনে ভোটদানের আগে আপনার 18 বছর বয়স হওয়া আবশ্যক হলেও, আপনি যে প্রদেশে প্রাক-নিবন্ধন করে রাখবেন তারা আপনার আবেদনের প্রক্রিয়াকরণ শুরু করে দেবে এবং আপনার বয়স 18 হয়ে গেলেই তা সক্রিয় হয়ে যাবে।

3. আমি কীভাবে ভোটদানের জন্য নিবন্ধীভুক্ত হতে পারি?

নিচে ভোটদানের জন্য নিবন্ধীভুক্ত হবার নানান পদ্ধতিগুলির কথা বলা হল:

- আপনি আপনার প্রাদেশিক নির্বাচন পর্ষদ বা county board of elections (CBOE)-তে অথবা নিউ ইয়র্ক রাজ্যের এজেন্সি-ভিত্তিক ভোটদাতা নিবন্ধিকরণ কেন্দ্র বা Agency-Based Voter Registration Center-এ স্বয়ং উপস্থিত হয়ে নিবন্ধীকরণ করাতে পারেন।
- এছাড়াও আপনি মোটরযান বিভাগ বা Department of Motor Vehicles থেকে বা তাদের ওয়েবসাইট (https://dmv.ny.gov/more-info/electronic-voter-registration-application) থেকে একটি ভোটদাতার আবেদনপত্র পেতে পারেন, যদি আপনার কাছে আগে থেকেই DMV-দ্বারা প্রদত্ত পরিচয়পত্র থাকে।

- আপনি 1-800-FOR-VOTE নম্বরে কল করে ভোটদানের জন্য নিবন্ধন করাতে পারেন।
- আপনি একটি ভোটদাতা নিবন্ধন ফর্ম পূরণ করে, তাতে তারিখ-সহ স্বাক্ষর করে সেটিকে ডাকযোগে প্রাদেশিক নির্বাচন পর্ষদের দপ্তরে পাঠিয়ে দিতে পারেন (অনুচ্ছেদ #25 দেখুন)।

4. নিবন্ধন করলে কি আমাকে কোন রাজনৈতিক দলে যোগদান করতে হবে?

না। আপনি কোন রাজনৈতিক দলে যোগদান না করার বিকল্প বেছে নিতে পারেন।

5. কোন কোন রাজনৈতিক দল রয়েছে?

নিউ ইয়র্ক রাজ্যে মোট আটটি স্বীকৃত রাজনৈতিক দল রয়েছে: দ্য ডেমোক্র্যাটিক, রিপাবলিক্যান, কনজারভেটিভ, ওয়ার্কিং ফ্যামিলিজ, গ্রিন, লিবার্টেরিয়ান, ইন্ডিপেন্ডেন্স এবং সার্ভ আমেরিকা মুভমেন্ট (SAM)।

6. নির্বাচনে ভোটদানের জন্য কি আমাকে কোন রাজনৈতিক দলের সদস্য হতে হবে?

সাধারণ নির্বাচনে ভোটদানের জন্য আপনাকে কোন রাজনৈতিক দলের সদস্য হতে **হবে না**। তবে, NYS-এ প্রাথমিক নির্বাচনের জন্য ভোটদানের জন্য আপনাকে একটি রাজনৈতিক দলের সদস্য **হতে হবে**।

7. প্রাথমিক নির্বাচন ও সাধারণ নির্বাচনের মধ্যে তফাৎ কী?

সাধারণ নির্বাচনের আগে প্রাথমিক নির্বাচন হয়। প্রাথমিক নির্বচনে আপনি সেই প্রার্থীকে/প্রার্থীদের ভোট দেন যারা সাধারণ নির্বাচনে আপনার পছন্দের দলের প্রতিনিধিত্ব করবেন। প্রাথমিক নির্বাচনে বিজয়ী হওয়া প্রত্যেক দলের প্রার্থীরা নভেম্বর মাসে অনুষ্ঠিত হতে চলা সাধারণ নির্বাচনের প্রার্থী হবেন। যে সব প্রার্থীরা সাধারণ নির্বাচনে জয়লাভ করবেন তারাই প্রশাসনিক ক্ষমতায় আসবেন।

8. আমি কি ভোটদান কেন্দ্রে না গিয়েও ভোটদান করতে পারি?

হ্যাঁ। আপনি যদি একজন নিবন্ধীভুক্ত ভোটদাতা হন, তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যাটল বা absentee ballot ব্যবহার করে ভোটদান কেন্দ্রে না গিয়েও ভোট দিতে পারেন। অনুপস্থিত ব্যক্তির ব্যালট আপনাকে ডাকযোগে ভোট দেবার সুযোগ করে দেয়।

9. অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার করে আমি কীভাবে ভোট দেব?

আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার করে ভোট দিতে পারেন যদি:

- আপনি সেই প্রদেশে অনুপস্থিত থাকেন যেখানে ভোটদানের জন্য নিবন্ধীভুক্ত রয়েছেন; অথবা, আপনি নিউ ইয়র্ক শহরের একজন বাসিন্দা কিন্তু নির্বাচনের দিন আপনি এই শহরে অনুপস্থিত থাকবেন।
- আপনি সাময়িক অসুস্থতা বা স্থায়ী বিকলাঙ্গতার কারণে আপনার ভোটদান কেন্দ্রে যেতে না পারেন; অথবা, আপনি যদি এমন এক বা একাধিক মানুষের প্রাথমিক পরিচর্যাকারী হন যে বা যারা অসুস্থ বা শারীরিকভাবে অক্ষম।

- আপনি একজন ভেটের‍্যান্স হেল্থ অ্যাডমিনিস্ট্রেশন হসপিটাল, অর্থাৎ বরিষ্ঠদের চিকিৎসা হয় এমন হাসপাতালের বাসিন্দা বা রোগী হন।
- আপনি গ্র্যান্ড জুরি-র পদক্ষেপের অপেক্ষায় আটক অথবা গুরুতর অপরাধ ব্যতীত অন্য কোন অপরাধে অপরাধী সাব্যস্ত হবার পর জেলবন্ধী ব্যক্তি হন, এবং এ সংক্রান্ত অন্যান্য যোগ্যতাগুলি পূরণ করেন।

10. আমি কীভাবে একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট পেতে পারি?

একটি NYS অনুপস্থিত ব্যক্তির ব্যালট পাবার জন্য আবেদনপত্র ডাউনলোড করতে অথবা অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার করে ভোটদান সংক্রান্ত আরও তথ্য পেতে NYS-এর নির্বাচন পর্ষদের ওয়েবসাইটে যান: https://www.elections.ny.gov/VotingAbsentee.html সংশ্লিষ্ট CBOE office-এ আপনার **ডাকযোগে পাঠানো** অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদনপত্র অবশ্যই নির্বাচনের অন্তত 7 দিন আগে এসে পৌঁছাতে হবে অথবা যদি আপনি **স্বয়ং উপস্থিত হয়ে** তা জমা করতে চান, তাহলে তা অন্তত নির্বাচনের একদিন আগে অবশ্যই করতে হবে।

11. শেষবার ভোটদানের পর আমি যদি সেখান থেকে অন্যত্র চলে গিয়ে থাকি তাহলে কী হবে?

আপনি যদি শেষবার ভোটদানের পর অন্যত্র চলে গিয়ে থাকেন, তাহলে আপনাকে আবার ভোটদানের জন্য নিবন্ধন করাতে হবে। সেক্ষেত্রে, ভোটদাতার নিবন্ধন পত্র-কে *শুধুমাত্র ভোটদানের উদ্দেশ্যে* ঠিকানার পরিবর্তনের ফর্ম হিসেবে ব্যবহার করতে হবে। ফর্মটিকে আপনার নতুন বসবাসের ঠিকানার তথ্য-সহ পূরণ করুন এবং ডাকযোগে CBOE-তে পাঠিয়ে দিন।

12. আমার কাকে ভোট দেওয়া উচিত?

আপনি যখন ভোট দেন তখন আপনি এমন কাউকে নির্বাচন করতে সাহায্য করেন যিনি আপনাদের সবচেয়ে ভাল প্রতিনিধিত্ব করবেন। এটি জরুরি যে, আপনি এমন কাউকে ভোট দেবেন যিনি সেই সব বিষয়ের প্রতি মনোযোগ দেবেন যেগুলি আপনাদের জন্য গুরুত্বপূর্ণ। আপনি কাকে ভোট দেবেন তা ঠিক করা 100% আপনার সিদ্ধান্তের বিষয়। এটি আপনার ছাড়া আর কারো সিদ্ধান্তের বিষয় নয়।

13. সমস্ত প্রার্থীদের না চিনলেও এবং তারা কীসের জন্য দাঁড়িয়েছেন তা না জানলেও কি আমি ভোট দিতে পারি?

হ্যাঁ, আপনি পারেন। একজন প্রার্থী যতগুলি বিষয়কে সমর্থন করেন তার সবকটিই আপনার পক্ষে জানা কঠিন। আপনি যদি একজন প্রার্থী সম্বন্ধে অথবা কোন বিষয়ের পক্ষে আপনি ভোট করতে চলেছেন সে ব্যাপারে আরও জানতে চান, তাহলে আপনি সে সংক্রান্ত বিস্তারিত তথ্য পেতে পারেন।

14. বিভিন্ন প্রার্থীদের সম্পর্কে তথ্য আমি কোথা থেকে পেতে পারি?

প্রার্থীদের সম্পর্কে তথ্য পাবার কয়েকটি উপায় নিচে দেওয়া হল:

- টেলিভিশন, সংবাদপত্র এবং পত্র-পত্রিকা আর প্রিন্ট মিডিয়া - কোন একটি নির্বাচনের আগে, গণমাধ্যমগুলিতে সাধারণ প্রার্থীদের প্রচার ও নির্বাচন সংক্রান্ত খবরাখবরের জন্য বিশেষ বিভাগ রাখা

হয়। বিভিন্ন প্রার্থীরা কোন কোন বিষয়ের পক্ষে-বিপক্ষে রয়েছেন তা জানার জন্য এগুলি খুব ভাল উৎস হিসেবে কাজ করতে পারে।

- প্রার্থীদের সঙ্গে কথা বলুন – অনেক প্রার্থীরই স্থানীয় স্তরে দপ্তর থাকে যেখান থেকে আপনি অনেক তথ্য পেতে পারেন। অনেক প্রার্থীদের স্থানীয় লোকেদের সঙ্গে স্থানীয় বিষয়গুলি নিয়ে কথা বলার জন্য তাদের দপ্তরের নির্দিষ্ট সময় করে দেওয়া থাকে।
- পাবলিক ফোরাম – এছাড়াও প্রার্থীরা পাবলিক ফোরামেও উপস্থিত থাকেন যেখানে যোগদান করে আপনি তাদের ভাবনা-চিন্তাগুলির ব্যাপারে জানতে এবং তাদের প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।
- প্রার্থীর ওয়েবসাইট - বেশিরভাগ প্রার্থীদেরই নিজস্ব ইন্টারনেট ওয়েবসাইট থাকে যা আপনি তাদের নাম দিয়ে সার্চ করে অল্পেতেই পেয়ে যেতে পারেন।
- The League of Women's Voters of New York State (https://my.lwv.org/new-york-state)। এই ওয়েবসাইট থেকে আপনি সেই সব প্রার্থীদের তথ্য পেতে পারেন যাদের নিজস্ব দপ্তর ও ভোটদাতাদের দেবার মতো সংস্থান রয়েছে। NYS-এর LWV একটি পার্টি-নিরপেক্ষ গোষ্ঠী, যার মানে হল, এরা কোন প্রার্থীকে নির্বাচনের পক্ষে বা বিপক্ষে কথা বলে না।
- The Independent Living Centers (ILCs)। বিভিন্ন প্রার্থীদের সঙ্গে কীভাবে যোগাযোগ করতে হবে সে ব্যাপারে ILC-গুলি আপনাকে তথ্য দেয়, যাতে আপনি তাদের প্রশ্ন করতে পারেন। ILC-গুলি মূলত সেই সব ফোরমাগুলিকে একত্রিত করে প্রস্তুত করে যেখানে বিকলাঙ্গ এবং/অথবা বিকলাঙ্গ নয় এমন লোকেরা তাদের জন্য জরুরি বিষয়গুলি নিয়ে বিভিন্ন প্রার্থীদের প্রশ্ন করতে পারেন। এটিও আপনাকে আপনার কাকে ভোট দেওয়া উচিত সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে।

15. আমার যদি একজন প্রার্থীকেও পছন্দ না হয় এবং আমি তাদের ছাড়া অন্য কাউকে ভোট দিতে চাই তাহলে কী হবে?

আপনি যখন ভোট দেন তখন আপনি এমন কাউকে নির্বাচন করেন যিনি আপনাদের সবচেয়ে ভাল প্রতিনিধিত্ব করবেন বলে আপনার মনে হয়। আপনি যদি কোন প্রার্থীকেই ব্যালট মারফৎ ভোট না দিতে চান, আপনি তা না চাইতেই পারেন, অথবা আপনি সেই ব্যক্তির নাম লিখে দিতে পারেন যাকে আপনার আরও ভাল প্রার্থী বলে মনে হয়।

16. আমি কি আমার রাজনৈতিক দল বদলাতে পারি?

হ্যাঁ। আপনি একটি রাজনৈতিক দল বদলে অপর রাজনৈতিক দলে নথিভুক্ত হবার জন্য ভোটদাতার নিবন্ধীকরণ ফর্ম বা voter registration form ব্যবহার করতে পারেন। এছাড়াও আপনি প্রথমবারের জন্য কোন রাজনৈতিক দলে যোগদানের জন্যও এই ফর্মটিকেই ব্যবহার করতে পারেন, যেমনটি অনুচ্ছেদ #11-এ বলা হয়েছে। রাজনৈতিক দল বদল সংক্রান্ত ফর্মগুলি অবশ্যই সংশ্লিষ্ট নির্বাচনী বছরের 14ই ফেব্রুয়ারীর মধ্যে এসে পৌঁছাতে হবে। আপনি যদি 15ই ফেব্রুয়ারীর পর আপনার রাজনৈতিক দল বদলাতে চান, তাহলে আপনার CBOE-র সঙ্গে যোগাযোগ করুন।

17. ভোটদানের পর, কেউ যদি আমার কাছে জানতে চায় আমি কাকে ভোট দিয়েছি, তাহলে আমাকে কি তা বলতেই হবে?

না। আপনি কাকে ভোট দিলেন সেটা আপনার ব্যক্তিগত ব্যাপার। অন্য কোন ব্যক্তিকেই সে তথ্য আপনাকে জানাতে হবে না।

18. আমার অভিভাবক কি আমাকে ভোটদান করা থেকে আটকাতে পারেন?

আপনার অভিভাবক কীভাবে আপনার ভোটাধিকারকে প্রভাবিত করতে পারেন সে ব্যাপারে আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে আপনি আপনার পরিচর্যা প্রবন্ধকের সঙ্গে যোগাযোগ করতে পারেন। আপনার ভোটাধিকার সম্পর্কে আপনাকে বুঝতে সাহায্যের জন্য তারা আপনার পরিস্থিতি বিবেচনা কর দেখতে পারেন। আপনার অভিভাবক আপনার হয়ে ভোটদান করতে **পারেন না**।

19. আমি কি নিজে ভোট দিতে পারি?

হ্যাঁ, আপনার একেবারে স্বাধীনভাবে ও গোপনে একটি কাগজের ব্যালটে চিহ্নিতকরণের মাধ্যমে অথবা ব্যালটে চিহ্নিতকরণের যন্ত্র বা Ballot Marking Device (BMD)-এর মাধ্যমে, যদি ব্যালটে চিহ্নিতকরণের জন্য আপনার সাহায্যের দরকার হয়, ভোট দেবার অধিকার রয়েছে।

20. ব্যালটে চিহ্নিতকরণের যন্ত্র বা (BMD) কী?

একটি BMD হল একজন বিকলাঙ্গ ব্যক্তিকে স্বাধীনভাবে ও গোপনে তার ভোট ব্যালটে চিহ্নিত করতে সাহায্য করার একটি যন্ত্র। এছাড়াও প্রতিটি ভোটদান কেন্দ্রে অধিগম্যতা সহায়ক যন্ত্রের ব্যবহারের সুবিধা থাকে যার সাহায্যে আপনি স্বাধীনভাবে আপনার ভোটটি ব্যালটে চিহ্নিত করতে পারেন। এই যন্ত্রগুলির মধ্যে Sip-N-Puff (সিপ-এন-পাফ), Two-Switch Paddle (টু সুইচ প্যাডেল), অথবা Audio-Tactile Interface (অডিও-ট্যাকটাইল ইন্টারফেস) ইত্যাদির মতো যন্ত্রগুলি থাকতে পারে। ভোটদানের অধিগম্য সহায়ক যন্ত্রগলির ব্যাপারে জানার জন্য আপনার CBOE-র সঙ্গে যোগাযোগ করুন।

21. আমার যদি BMD ব্যবহারে সাহায্যের দরকার হয় তাহলে কী হবে?

প্রতিটি ভোটদান কেন্দ্রেই একটি করে কর্মক্ষম অবস্থায় থাকা BMD থাকতে হবে। ভোটকর্মীদের সে ব্যাপারে প্রশিক্ষণ দেওয়া হয় এবং, আপনার বিকলাঙ্গতা নির্বিশেষে, তাদেরকে সর্বদা BMD ব্যবহারে সাহায্যের অনুরোধ করা ব্যক্তিদের সাহায্যের জন্য প্রস্তুত থাকতে হবে।

22. আমি আমাকে ভোটদানে সাহায্যের জন্য কাউকে নিয়ে যেতে পারি?

হ্যাঁ, আপনাকে ভোটদানে সাহায্যের জন্য কাউকে সঙ্গে করে নিয়ে আসার অধিকার আপনার রয়েছে। তবে, সেই ব্যক্তি যেন আপনার কর্মচারি, আপনার ইউনিয়নের প্রতিনিধি, বা ব্যালটে নাম এমন কোন প্রার্থী না হন।

আপনাকে যিনি ভোটদানে সাহায্য করুন না কেন তাকে **অবশ্যই আপনার** নির্দেশ মেনে চলতে হবে এবং আপনি যে প্রার্থীকে চাইবেন তাকেই ভোট দিতে হবে। আপনাকে কে ভোটদানে সাহায্য করতে পারেন সে ব্যাপারে আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে স্থানীয় CBOE-তে কল করুন।

23. ভোট দিতে গিয়ে আমার যদি কোন সমস্যা হয় তাহলে আমার কী করা উচিত?

আপনি 1-866-OUR-VOTE-এ নির্বাচন সুরক্ষা হটলাইনে কল করতে পারেন, অথবা নিচের ঠিকানায় Disability Rights New York-এর সাথে যোগাযোগ করতে পারেন: https://www.drny.org/page/pa-for-voting-access-pava-26.html, (518) 432-7861 (ভয়েস), (518) 512-3448 (TTY), (800) 993-8982 (নিঃশুল্ক)। এছাড়াও নিউ ইয়র্ক রাজ্যের নির্বাচন পর্ষদে একটি অভিযোগ দায়ের করার অধিকারও আপনার রয়েছে।

24. নিউ ইয়র্কে কি আগে ভোট দেওয়া যায়?

হ্যাঁ। 2019 সালে নিউ ইয়র্ক রাজ্যে এই মর্মে একটি আইন পাশ করা হয়েছে যে, সেখানকার সমস্ত প্রদেশের প্রশাসনকে তাদের নিবন্ধীভুক্ত ভোটারদের ভোট দেবার জন্য প্রতিটি প্রাথমিক ও সাধারণ নির্বাচনের নির্ধারিত তারিখের আগে অতিরিক্ত নয় দিন সময় দিতে হবে।

আগে ভোটদানের কেন্দ্রগুলি সম্পর্কে জানার জন্য https://www.voteearlyny.org/-এ গিয়ে আপনার স্থানীয় CBOE-র সঙ্গে যোগাযোগ করুন।

25. ভোটদান সংক্রান্ত আরও আরও তথ্য আমি কোথা থেকে পেতে পারি?

ভোটদান সংক্রান্ত প্রশ্নগুলির উত্তর জানার জন্য আপনার পরিচর্যা প্রবন্ধক সবচেয়ে ভাল সংস্থান। এছাড়াও আপনি NYS বিকাশগত বিকলত্বযুক্ত মানুষ বিষয়ক দপ্তর (Office For People With Developmental Disabilities)-এর ওয়েবসাইট www.opwdd.ny.gov/access-supports/know-your-rights থেকেও এ সংক্রান্ত তথ্য পেতে পারেন। এছাড়াও আপনি Disability Rights New York-এর ইমেল Voting@DRNY.org -এ মেল করে অথবা 518-432-7861 (ভয়েস), 518-512-3448 (TTY), 800-993-8982 (নিঃশুল্ক) নম্বরগুলিতে কল করে বা তাদের ওয়েবসাইট www.DRNY.org-এ গিয়েও তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

26. নিউ ইয়র্ক রাজ্যের ভোটদাতার নিবন্ধীকরণ ফর্ম কোথায় পাব?

নিউ ইয়র্ক রাজ্যের ভোটতাদার নিবন্ধীকরণ ফর্ম

আপনি নিচে লিঙ্কে ক্লিক করে নিউ ইয়র্ক রাজ্যের ভোটতাদার নিবন্ধীকরণ ফর্মের একটি PDF সংস্করণ অনলাইনে পূরণ করতে পারেন অথবা সেটিকে ছেপে নিয়ে হাতেও পূরণ করতে পারেন।

- Complete English Form On-line (304KB)
- Complete Spanish Form On-Line (310KB)

আপনি নিচে লিঙ্কে ক্লিক করে নিউ ইয়র্ক রাজ্যের ভোটতাদার নিবন্ধীকরণ ফর্মের একটি অধিগম্য সংস্করণও অনলাইনে পূরণ করতে পারেন, তাতে জানতে চাওয়া বিভিন্ন প্রয়োজনীয় তথ্যগুলিকে পূরণ করে এবং উপযুক্ত বাক্সগুলিকে নির্বাচন করে।

- Accessible English Form On-line
- Accessible Spanish Form On-Line

ফর্মটি পূরণ করা হয়ে গেলে, আপনাকে সেটি ছেপে নিয়ে হবে এবং তাতে তারিখ-সহ স্বাক্ষর করতে হবে। তারপর, সেই ফর্মটিকে আপনার প্রাদেশিক নির্বাচন পর্ষদে ডাকযোগে পাঠিয়ে দিতে হবে।